

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৭. ১. ২৪. ৮. নরমাংস ভক্ষণ ও নররক্ত পান

যীশু বলেন: "আমি সত্যিই আপনাদের বলছি, মনুষ্যপুত্রের মাংস ও রক্ত যদি আপনার না খান তবে আপনাদের মধ্যে জীবন নেই। যদি কেউ আমার মাংস ও রক্ত খায় সে অনন্ত জীবন পায়, আর আমি শেষ দিন তাকে জীবিত করে তুলব। আমার মাংসই হল আসল খাবার আর আমার রক্তই আসল পানীয়।" (যোহন ৬/৫৩-৫৫, পবিত্র বাইবেল-২০০০)

কথাগুলোর অর্থ যা-ই হোক না কেন, কথাগুলো মানবীয় শ্রবণে, মানবীয় বিবেকে ও প্রকৃতিতে খুবই আপত্তিকর। খ্রিষ্টান প্রচারকরা বলেন যে, এ কথাগুলো যীশু রূপক অর্থে বলেছেন। কিন্তু প্রশ্ন হল, রূপক অর্থে এর চেয়ে সুন্দর বিবেকগ্রাহ্য ও রুচিকর কিছুই কি যীশু বলতে পারতেন না?

বাইবেলের মধ্যেই ঈশ্বরের নির্দেশ নিম্নরূপ: "যে কেউ কোন প্রকারের রক্ত পান করে সেই লোক নিজের লোদের মধ্য থেকে উচ্ছিন্ন হবে।" (লেবীয় ৭/২৭, কি. মো.-২০১৩) পবিত্র বাইবেল-২০০০: "যদি কেউ রক্ত খায় তবে তাকে তার জাতির মধ্য থেকে মুছে ফেলতে হবে।"

ঈশ্বর আরো বলেন: "আর ইসরাইল কুলজাত কোন ব্যক্তি, কিংবা তাদের মধ্যে প্রবাসকারী কোন বিদেশী লোক যদি কোন রকম রক্ত পান করে তবে আমি সেই রক্ত পানকারীর কাছ থেকে মুখ ফিরিয়ে নেব ও নিজের লোকদের মধ্য থেকে তাকে মুছে ফেলব। কেননা রক্তের মধ্যেই শরীরের প্রাণ থাকে এবং তোমাদের প্রাণের জন্য কাম্ফারা করার জন্য আমি তা কোরবানগাহের উপরে তোমাদেরকে দিয়েছি; কারণ প্রাণের গুণে রক্তই কাম্ফারা সাধন করে থাকে। এই জন্য আমি বনি-ইসরাইলকে বললাম, তোমাদের মধ্যে কেউ রক্ত পান করবে না ও তোমাদের মধ্যে প্রবাসকারী কোন বিদেশীও রক্ত পান করবে না।" (লেবীয় ১৭/১১-১২, মো.-১৩)

খৃস্টধর্মীয় বিশ্বাসে যীশুই পুরাতন নিয়মের ঈশ্বর। যে ঈশ্বর রক্তপানকে এভাবে ঘৃণিত, নিষিদ্ধ ও মৃত্যুযোগ্য অপরাধ হিসেবে নির্ধারণ করলেন সে ঈশ্বর কি এ ঘৃণিত ও নিষিদ্ধ কর্ম ছাড়া অন্য কোনোভাবে এ অর্থ প্রকাশ করতে পারলেন না? এ কথাগুলো কি শ্রোতা ও পাঠকের মনের মধ্যে প্রথমেই নরমাংস ভোজন ও নররক্ত পানের কথা উদ্রেক করে বমি ভাব জাগ্রত করে না? এরপর কি ক্রমান্বয়ে পাঠক, শ্রোতা ও বিশ্বাসী ভক্তের মধ্যে নরমাংস ভোজন ও নররক্ত পানের বিষয়টা সহজ ও গ্রহণযোগ্য করে তোলে না? কি বলেন মনোবিজ্ঞানীরা?

বাইবেল সমালোচক গ্যারি ডেভানি লেখেছেন: "Could Jeffery Dahlmer, who was imprisoned for cannibalism and was killed in prison, have taken this passage literally to heart? … Why did Jesus promote, even symbolically, the drinking of His blood, if the drinking of blood was strictly forbidden by God?" "জেফরি ডাহলমার নরমাংস ভক্ষণের অপরাধে কারারুদ্ধ হয় এবং কারাগারেই নিহত হয়। সে কি এ কথাগুলোকে আক্ষরিকভাবে মুখস্থ করেছিল? … যীশু প্রতীকী বা রূপকভাবে হলেও কেন তাঁর রক্ত পানের প্রচার ও প্রতিষ্ঠা করলেন, অথচ ঈশ্বর কঠিনভাবে তা নিষেধ করেছেন?"[1]



ফুটনোট

[1] Gary DeVaney, JESUS: http://www.thegodmurders.com/id134.html

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14381

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন